গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন
মন্ত্রণালয়
পরিবেশ অধিদপ্তর
ওজোন সেল
www.doe.gov.bd

**নম্বর:** ২২.০২.০০০০.০০০.০০৭.০৬.০০০৩.২৫.৯৭৪

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

**বিষয়: ২০২৬ সালের জন্য এইচসিএফসি ও এইচএফসি আমদানি-রফতানির লাইসেন্স এর জন্য আবেদন আহবান**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৪ এবং এসআরও নং ৪০-আইন/২০২১ অনুযায়ী যথাক্রমে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য এইচসিএফসি (HCFCs) এবং এইচএফসি (HFCs) বা উক্ত দ্রব্যসমূহের যে কোনো মিশ্রণ আমদানি-রফতানির জন্য পরিবেশ অধিদপ্তর থেকে লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক। এ বিষয়ে পরিবেশ অধিদপ্তর প্রতি বছর বাংলাদেশের ব্যবহারের জন্য নির্ধারিত কোটার ভিত্তিতে আগ্রহী উপযুক্ত আমদানিকারকগণের অনুকূলে লাইসেন্স প্রদান করে থাকে।

**এ প্রেক্ষিতে, পরিবেশ অধিদপ্তর ২০২৬ সালের ব্যবহারের জন্য এইচসিএফসি ও এইচএফসি বা উক্ত দ্রব্যসমূহের যে কোনো মিশ্রণ আমদানি-রফতানির লাইসেন্স প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। এ জন্য আগ্রহী উপযুক্ত আমদানি/রফতানিকারকদের নিকট হতে নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে:**

আবেদন দাখিলের সময়সীমা

**১৫ ডিসেম্বর ২০২৫ তারিখ ০০ : ০১ টা হতে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ ২৪ : ০০ টা পর্যন্ত**

উল্লেখ্য, আবেদনপত্র শুধুমাত্র অনলাইনভিত্তিক বাংলাদেশ সিঙ্গেল উইন্ডো (BSW) প্লাটফর্ম (https://bswnbr.gov.bd)- এর মাধ্যমে গ্রহণ করা হবে। আবেদন জমাদানের প্রয়োজনীয় নির্দেশিকা ও অন্যান্য তথ্য BSW পোর্টালে পাওয়া যাবে। যে কোনো সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের ওজোন সেল ( ০১৭১৬-২২৩৬১৪)-এ যোগাযোগ করা যেতে পারে।

০৯-১২-২০২৫
মোঃ মহিউদ্দিন মানিক
উপপরিচালক ও সদস্য সচিব, ওজোনস্তর
ক্ষয়কারী দ্রব্য ও এইচএফসি আমদানি লাইসেন্স
সংক্রান্ত কমিটি

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। পরিচালক, আই টি শাখা, পরিবেশ অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২। সহকারী পরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সহকারী পরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। প্রকল্প অফিসার, ওজোন সেল, পরিবেশ অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি ওজোন সেল ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫। সভাপতি, বাংলাদেশ রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং মার্চেন্ট এসোসিয়েশন/বাংলাদেশ আরএসি মালিক শ্রমিক কল্যাণ এসোসিয়েশন/বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি/বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন/ISHRAE/ASHRAE/ঢাকা রেফ্রিজারেশন স্পেয়ার পার্টস ব্যবসায়ী সমবায় সমিতি।।

৬। ..........................................., ব্যবস্থাপনা পরিচালক/মালিক, সংশ্লিষ্ট আমদানি/রফতানিকারক প্রতিষ্ঠান।।